

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৯২

১৩/ সওম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৩/১৯. আশুরা বা মহরম মাসের দশ তারিখের সওম।

صوم يوم عاشوراء

## আরবী

حديث ابْنِ عَبَّاسٍ، قَالَ: قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ المَدِينَة، فَرَأَى الْيَهُودَ تَصُومُ يَوْمَ عَاشُورَاءَ، فَقَالَ: مَا هَذَا قَالُوا: هَذَا يَوْمٌ صَالِحٌ، هَذَا يَوْمُ نَجَّى اللهُ بَنِي إِسْرَائِيلَ مِنْ عَدُوّهِمْ فَصَامَهُ وَأَمَرَ بِصِيامِهِ عَدُوّهِمْ فَصَامَهُ وَأَمَرَ بِصِيامِهِ

## বাংলা

৬৯২. ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আগমন করে দেখতে পেলেন যে, ইয়াহুদীগণ 'আশূরার দিনে সওম পালন করে। তিনি জিজ্ঞেস করলেনঃ কি ব্যাপার? (তোমরা এ দিনে সওম পালন কর কেন?) তারা বলল, এ অতি উত্তম দিন, এ দিনে আল্লাহ তা'আলা বনী ইসরাঈলকে তাদের শক্রর কবল হতে নাজাত দান করেন, ফলে এ দিনে মূসা (আঃ) সাওম পালন করেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি তোমাদের অপেক্ষা মূসার অধিক নিকটবর্তী, এরপর তিনি এ দিনে সওম পালন করেন এবং সাওম পালনের নির্দেশ দেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩০; সওম, অধ্যায় ৬৯, হাঃ ২০০৪; মুসলিম, পর্ব ১৩: সওম, অধ্যায় ১৯, হাঃ ১১৩০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন